

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড  
বকশি বাজার, ঢাকা-১২১১।  
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০০২.২৪-৪৭৮(৭৯)


তারিখ: ০৫ চৈত্র ১৪৩০  
২১ মার্চ ২০২৪

বিষয়ঃ বন্দিদের উন্নত চিকিৎসার প্রস্তাব প্রেরণ

লক্ষ্য করা যাচ্ছে যে, কারাগারে আটক বন্দিদের বাহির হাসপাতালে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে এ অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরিত পত্রের সাথে শুধুমাত্র মিনিটের কপি সংযুক্ত করা হয়। পূর্ব চিকিৎসার কোন কাগজপত্র/মিনিট প্রেরণ করা হয় না। ফলে চিকিৎসা সংক্রান্ত পূর্ব ইতিহাস সম্বলিত কাগজপত্রের অপ্রতুলতার কারণে উন্নত চিকিৎসার অনুমোদন প্রদানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে জটিলতার সম্মুখীন হতে হয়।

২। এমতাবস্থায়, বর্তমান চিকিৎসার মিনিটের পাশাপাশি সংশ্লিষ্ট বন্দির পূর্বে গ্রহণকৃত চিকিৎসার নিম্নবর্ণিত কাগজপত্রের স্পষ্ট কপিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো।

- ক. পূর্বে চিকিৎসার মিনিট ও বাহির হাসপাতালের ছাড়পত্র (যদি থাকে);
- খ. ইতোপূর্বে কতবার বাহির হাসপাতালে প্রেরণ করা হয়েছে, রোগের নামসহ চিকিৎসা গ্রহণের বিবরণ (প্রমাণকসহ); এবং
- গ. চিকিৎসা সংক্রান্ত মিনিটে রোগের নামসহ বিস্তারিত বিবরণ উল্লেখ করণ।

  
শেখ সুজাউর রহমান  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে- কারা মহাপরিদর্শক  
৫৭৩০০২২২ (দপ্তর)।

- ১। কারা উপ মহাপরিদর্শক  
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার  
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।